প্রশিক্ষণ ম্যানুয়াল

খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা

৭ম দিন

অধিবেশন-১

সময় : ৪৫ মিনিট (৯:৪৫-১০:৩০)

বিষয় : ১ম ও ২য় শ্রেণির শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকা পরিচিতি

(উপস্থাপন পদ্ধতি ও কৌশল: বক্তৃতা, প্রশ্নোত্তর, দলীয় কাজ এবং প্লেনারী)

অধিবেশনের উদ্দেশ্য ০৩ মিনিট

এই পাঠ শেষে প্রশিক্ষনার্থীগণ-

- ১ম ও ২য় শ্রেণির খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য বলতে পারবেন
- ১ম ও ২য় শ্রেণির খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার কাঠামো কি তা বলতে পারবেন

প্রশিক্ষণ সামগ্রী ০২ মিনিট

- শিক্ষাক্রম, শিক্ষক নির্দেশিকা, মাল্টিমিডিয়া, চার্ট, পোষ্টার পেপার, মার্কার, চক, ডাষ্টার, হোয়াইট বোর্ড, হোয়াইট ফ্লিপ চার্ট ইত্যাদি

১ম ও ২য় শ্রেণির শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকা পরিচিতি ৪০ মিনিট

১। ১ম ও ২য় শ্রেণির শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য পরিচিতি ঃ

কাজ ১ ২০ মিনিট

১ম ও ২য় শ্রেণির শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য সমূহ চিহ্নিত করণ:

- প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের সাথে কুশল বিনিময় করে কার্যক্রম শুরু করার পরিবেশ সৃষ্টি করবেন।
- একটি ধর্মীয় সঙ্গিত বা প্রার্থনার মাধ্যমে অধিবেশন শুরু করবেন
- প্রশিক্ষনার্থীদের শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকা সরবরাহ করবেন
- মাল্টিমিডিয়ার মাধ্যমে শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য উপস্থাপন করবেন। (০৫ মিনিট)
- প্রশিক্ষণার্থীদের কয়েকটি দলে ভাগ করে পোষ্টার পেপারে শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য সমূহ আলোচনার মাধ্যমে লিখতে বলুন। (দলীয় কাজের জন্য মোট সময় ০৮ মিনিট)
- উপস্থাপন: প্রতি দল থেকে প্রশিক্ষণার্থীরা একজন করে উপস্থাপন করবেন (সময় ০৫ মিনিট)

মুক্তালোচনা ঃ উপস্থাপনা ও আলোচনার শেষে প্রশিক্ষক পুনরায় সারসংক্ষেপ উপস্থাপন করবেন (০২ মিনিট)

২। ১ম ও ২য় শ্রেণির শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার কাঠামো পরিচিতি ঃ

- ১ম ও ২য় শ্রেণির শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার কাঠামো সমূহ চিহ্নিত করণ:

কাজ ২ ২০ মিনিট

- মাল্টিমিডিয়ার মাধ্যমে খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার ধারণা স্পষ্ট করার জন্য কাঠামোটি উপস্থাপন করবেন। (০৬ মিনিট)
- উপস্থাপিত বিষয় সমূহ

ক্রমিক নং	অধ্যায়	অর্জন উপযোগি যোগ্যতা	অধ্যায়ের শিখনফল	পাঠ বিভাজন	শিরোনাম	পাঠের শিখনফল	বিষয়বস্তু	শিখন শেখানো কার্যবলি	পরিকল্পিত কাজ	মূল্যায়ন
১	মানুষ সৃষ্টি									
২	সৃষ্টিকর্তা ঈশ্বর									
৩	ত্রিব্যক্তি পরমেশ্বর									

- প্রশিক্ষণার্থীদের ২টি দলে ভাগ করে প্রতিটি দলকে একটি শ্রেণির নাম দিন এবং শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকা থেকে নিম্নোক্ত প্রশ্নোত্তরের মাধ্যমে শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার কাঠামো আলোচনার মাধ্যমে চিহ্নিত করতে বলবেন। (০৮ মিনিট)
  - ১। আবশ্যকীয় শিক্ষাক্রমের মূল শিরোনামের বিষয় কয়টি ও কি কি?
  - ২। খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে (শ্রেণি ভিত্তিক) মোট কয়টি অধ্যায় ও কি কি?
  - ৩। বিষয় ভিত্তিক প্রান্তিক যোগ্যতা কয়টি ও কি কি?
  - ৪। অর্জন উপযোগি যোগ্যতা কয়টি ও কি কি?
- প্রত্যেক দল থেকে একজন করে আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করতে বলবেন (০৪ মিনিট)

মুক্তালোচনা ঃ উপস্থাপনা ও আলোচনার শেষে প্রশিক্ষক পুনরায় সারসংক্ষেপ উপস্থাপন করবেন (০২ মিনিট)

প্রশিক্ষক ধন্যবাদ জানিয়ে অধিবেশন সমাপ্ত করবেন

তথ্যপত্র ঃ

১। শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য

- খ্রিষ্টিয় মূল্যবোধের আলোকে জীবন গঠনের উপর বিশেষ গুরুত্ব প্রদান
- ধর্মীয় মূল্যবোধের পাশাপাশি মানবিক ও নৈতিক মূল্যবোধের উপর প্রাধান্য
- শুধু তত্ত্বগত ধর্মীয় জ্ঞানদান নয় বরং জীবনের আবেগীয়, আধ্যাত্মিক, নৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, স্বাস্থ্যগত এবং মনোপেশিজ দিকগুলো প্রভাবিত করা
- অর্জন উপযোগি যোগ্যতার উপর ভিত্তি করে শিখন ফল নির্ধারণ ও সে অনুযায়ী পাঠ বিভাজন করা
- শিক্ষক কি কি উপকরণ ব্যবহার করবেন সে সম্পর্কে স্পষ্ট নির্দেশনা দেওয়া আছে
- যেহেতু ১ম ও ২য় শ্রেণীতে কোন পাঠ্য পুস্তক নেই সে জন্য প্রত্যেক অধ্যায়ে বিষয়বস্তু সংযোজন করা হয়েছে
- বিষয়বস্তু সংশ্লিষ্ট ছবি ব্যবহার করা হয়েছে
- শিক্ষক কিভাবে পাঠ দেবেন সে সম্পর্কে শিখন শেখানো কার্যাবলী দেওয়া আছে

- মূল্যায়ণ নির্দেশনা দেওয়া আছে। দুর্বল শিশু সনাক্তকরণ ও নিরাময়ের ব্যবস্থার উল্লেখ আছে
- অভিভাবকদের সাথে আলোচনা সাপেক্ষে শিক্ষার্থীদের সমস্যা সমূহ সমাধানের ব্যবস্থা আছে
- শিক্ষার্থীরা নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধ হয়ে সঠিক মূল্যবোধ জাগ্রত ক'রে বাস্তব জীবনে তার প্রতিফলন ঘটাবে

২। শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকার কাঠামো

- প্রান্তিক যোগ্যতা ও অর্জন উপযোগি যোগ্যতা সম্পর্কে দেওয়া আছে
- শিক্ষক নির্দেশিকায় **১ম** ও ২য় শ্রেণিতে মোট **১৩**টি করে অধ্যায় দেওয়া আছে
- সহায়ক প্রশ্নোত্তরের মাধ্যমে অর্জন উপযোগি যোগ্যতা নির্ণয় করতে সহায়তা করার ব্যবস্থা আছে
- **১ম** ও ২য় শ্রেণির প্রত্যেকটি অধ্যায়ে সর্বমোট কয়টি ক'রে শিখন ফল রয়েছে তা প্রশ্নের মাধ্যমে জানতে চেষ্টা করার ব্যবস্থা আছে
- প্রত্যেকটি অধ্যায়ের শিখনফল অনুযায়ী পাঠ বিভাজন করা হয়েছে

৯ম দিন
অধিবেশন-২
সময় : ৪৫ মিনিট (৯:০০-৯:৪৫)

বিষয় : খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষার ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির বিস্তৃত শিক্ষাক্রম পরিচিতি

(উপস্থাপন পদ্ধতি ও কৌশল: বক্তৃতা, প্রশ্নোত্তর, দলিয় কাজ এবং প্লেনারী)

অধিবেশনের উদ্দেশ্য **০৩ মিনিট**

এই প্রশিক্ষণ শেষে প্রশিক্ষনার্থীগণ-

- খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে শিক্ষাক্রমের বৈশিষ্ট্য সম্পর্কে বর্ণনা করতে পারবে।
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক শিক্ষাক্রমের কাঠামো বর্ণনা করতে পারবে।

প্রশিক্ষণ সামগ্রী **০২ মিনিট**

- শিক্ষাক্রম, পাঠ্য পুস্তক, শিক্ষক সংস্করণ, মাল্টিমিডিয়া, চার্ট, পোষ্টার পেপার, মার্কার, চক, ডাষ্টার, হোয়াইট বোর্ড, হোয়াইট ফ্লিপ চার্ট ইত্যাদি

৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির বিস্তৃত শিক্ষাক্রম পরিচিতি **৪০ মিনিট**

১। ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য পরিচিতি ঃ

কাজ ১ ২০ মিনিট

৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য সমূহ চিহ্নিত করণ:

- প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের সাথে কুশল বিনিময় করে কার্যক্রম শুরু করার পরিবেশ সৃষ্টি করবেন।
- একটি ধর্মীয় সঙ্গিত বা প্রার্থনার মাধ্যমে অধিবেশন শুরু করবেন
- প্রশিক্ষনার্থীদের শিক্ষাক্রম সরবরাহ করবেন
- মাল্টিমিডিয়ার মাধ্যমে শিক্ষাক্রমের বৈশিষ্ট্য উপস্থাপন করবেন। (০৫ মিনিট)
- প্রশিক্ষণার্থীদের কয়েকটি দলে ভাগ করে পোষ্টার পেপারে শিক্ষাক্রমের বৈশিষ্ট্য সমূহ আলোচনার মাধ্যমে লিখতে বলুন। (দলীয় কাজের জন্য মোট সময় ০৮ মিনিট)
- উপস্থাপন: প্রতি দল থেকে প্রশিক্ষণার্থীরা একজন করে উপস্থাপন করবেন (সময় ০৫ মিনিট)

মুক্তালোচনা ঃ উপস্থাপনা ও আলোচনার শেষে প্রশিক্ষক পুনরায় সারসংক্ষেপ উপস্থাপন করবেন (০২ মিনিট)

২। ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির বিস্তৃত শিক্ষাক্রমের কাঠামো পরিচিতি ঃ

- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির বিস্তৃত শিক্ষাক্রমের কাঠামো সমূহ চিহ্নিত করণ:

কাজ ২ ২০ মিনিট

- মাল্টিমিডিয়ার মাধ্যমে খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিক্ষাক্রমের ধারণা স্পষ্ট করার জন্য কাঠামোটি উপস্থাপন করবেন। (০৬ মিনিট)
- উপস্থাপিত বিষয় সমূহ

ক্রমিক নং	অধ্যায়	প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগি যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অংকন শিল্পীদের নির্দেশনা
১	মানুষ ও তার উৎস						
২	ঈশ্বর						
৩	ত্রিব্যক্তি পরমেশ্বমর						

- প্রশিক্ষণার্থীদের ৩টি দলে ভাগ করে প্রতিটি দলকে একটি শ্রেণির নাম দিন এবং শিক্ষাক্রম থেকে নিম্নোক্ত প্রশ্নোত্তরের মাধ্যমে শিক্ষাক্রমের কাঠামো আলোচনার মাধ্যমে চিহ্নিত করতে বলবেন। (০৬ মিনিট)
  ১। আবশ্যকীয় শিক্ষাক্রমের মূল শিরোনামের বিষয় কয়টি ও কি কি?
  ২। খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে (শ্রেণি ভিত্তিক) অর্জন উপযোগি যোগ্যতা সমূহ কি কি?
  ৩। বিষয় ভিত্তিক প্রান্তিক যোগ্যতা কয়টি ও কি কি?
  ৪। অধ্যায় ভিত্তিক শিখনফল কয়টি ও কি কি?
- প্রত্যেক দল থেকে একজন করে আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করতে বলবেন (০৬ মিনিট)

মুক্তালোচনা ঃ উপস্থাপনা ও আলোচনার শেষে প্রশিক্ষক পুনরায় সারসংক্ষেপ উপস্থাপন করবেন (০২ মিনিট)

প্রশিক্ষক ধন্যবাদ জানিয়ে অধিবেশন সমাপ্ত করবেন

তথ্যপত্র ঃ

১। শিক্ষাক্রমের বৈশিষ্ট্য

- খ্রিষ্টিয় মূল্যবোধের আলোকে জীবন গঠনের উপর বিশেষ গুরুত্ব প্রদান
- ধর্মীয় মূল্যবোধের পাশাপাশি মানবিক ও নৈতিক মূল্যবোধের উপর প্রাধান্য
- শুধু তত্ত্বগত ধর্মীয় জ্ঞানদান নয় বরং জীবনের আধ্যাত্মিক, নৈতিক, আবেগীয়, সামাজিক, সাংস্কৃতিক, স্বাস্থ্যগত এবং মনোপেশিজ দিকগুলো প্রভাবিত করা

২। আবশ্যকীয় শিখনক্রম

- প্রায় সব শিখন ফলের বিপরীতে পরিকল্পিত কাজ করা হয়েছে

- শিখন পদ্ধতি, কৌশল, পরিকল্পিত কাজ এবং লেখক ও অংকন শিল্পীদের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে
- জাতীয় শিক্ষানীতি ২০১০ এর নির্দেশনা অনুযায়ী খ্রিষ্ট ধর্ম শিক্ষা পাঠ্য পুস্তকের নাম পরিবর্তন করে খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা নামকরণ করা হয়েছে

৩। বিস্তৃত শিক্ষাক্রম

- প্রান্তিক যোগ্যতা ৯টি (৩য়-৫ম)
- অর্জন উপযোগী যোগ্যতা ২৯টি
- অধ্যায় (৩য় শ্রেণী: ১৭টি, ৪র্থ শ্রেণী ১৭টি, ৫ম শ্রেণী ১৬টি)
- পরিকল্পিত কাজ/পরীক্ষণ প্রদর্শন
- লেখক ও অংকন শিল্পীদের জন্য নির্দেশনা

৯ম দিন
অধিবেশন-৩
সময় : ৪৫ মিনিট (৯:৪৫-১০:৩০)

বিষয় : ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক পরিচিতি

(উপস্থাপন পদ্ধতি ও কৌশল: বক্তৃতা, প্রশ্নোত্তর, দলীয় কাজ এবং প্লেনারী)

অধিবেশনের উদ্দেশ্য **০৩ মিনিট**

এই প্রশিক্ষণ শেষে প্রশিক্ষনার্থীগণ-

- পাঠ্য পুস্তকের বৈশিষ্ট্য সম্পর্কে সুস্পষ্ট ধারণা লাভ করবে
- পাঠ্য পুস্তকের কাঠামো সম্পর্কে জানবে

প্রশিক্ষণ সামগ্রীঃ **০২ মিনিট**

- পাঠ্য পুস্তক, মাল্টিমিডিয়া, চার্ট, পোষ্টার পেপার, মার্কার, চক, ডাষ্টার, হোয়াইট বোর্ড এবং হোয়াইট ফ্লিপ চার্ট ইত্যাদি প্রয়োজনীয় উপকরণ।

৪০ মিনিট

৩য়, ৪র্থ, ৫ম শ্রেণির শ্রেণির পাঠ্য পুস্তকের বৈশিষ্ট্য পরিচিতি ঃ

কাজ ১ ২০ মিনিট

৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্য পুস্তকের বৈশিষ্ট্য সমূহ চিহ্নিত করণ:

- প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের সাথে কুশল বিনিময় করে কার্যক্রম শুরু করার পরিবেশ সৃষ্টি করবেন।
- একটি ধর্মীয় সঙ্গিত বা প্রার্থনার মাধ্যমে অধিবেশন শুরু করবেন
- প্রশিক্ষনার্থীদের পাঠ্য পুস্তক সরবরাহ করবেন
- মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠ্য পুস্তকের বৈশিষ্ট্য উপস্থাপন করবেন। (০৫ মিনিট)
- প্রশিক্ষণার্থীদের কয়েকটি জোড়ায় জোড়ায় ভাগ করে পোষ্টার পেপারে পাঠ্য পুস্তকের বৈশিষ্ট্য সমূহ আলোচনার মাধ্যমে লিখতে বলুন। (দলীয় কাজের জন্য মোট সময় ০৫ মিনিট)
- উপস্থাপন: প্রতি জোড়া থেকে প্রশিক্ষণার্থীরা একজন করে উপস্থাপন করবেন (সময় ০৮ মিনিট)

মুক্তালোচনা ঃ উপস্থাপনা ও আলোচনার শেষে প্রশিক্ষক পুনরায় সারসংক্ষেপ উপস্থাপন করবেন (০২ মিনিট)

২। ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠা পুস্তকের কাঠামো পরিচিতি ঃ

- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্য পুস্তকের কাঠামো সমূহ চিহ্নিত করণ:

কাজ ২ ২০ মিনিট

- মাল্টিমিডিয়ার মাধ্যমে খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের পাঠ্য পুস্তকের ধারণা স্পষ্ট করার জন্য কাঠামোটি উপস্থাপন করবেন। (০৬ মিনিট)
- উপস্থাপিত বিষয় সমূহ

ক্রমিক নং	অধ্যায়	ভূমিকা	বিষয়বস্তু	কী শিখলাম	পরিকল্পিত কাজ	মূল্যায়ন/ অনুশীলনী
১	মানুষের দেহ মন ও আত্মা					
২	ঈশ্বর					
৩	ত্রিব্যক্তি পরমেশ্বর					
৪	কায়িন ও আবেল					

- প্রশিক্ষণার্থীদের ৩টি দলে ভাগ করে প্রতিটি দলকে একটি শ্রেণির নাম দিন এবং পাঠ্যপুস্তক থেকে নিম্নোক্ত প্রশ্নোত্তরের মাধ্যমে পাঠ্যপুস্তকের কাঠামো আলোচনার মাধ্যমে চিহ্নিত করতে বলবেন। (০৬ মিনিট)
  - ১। পাঠ্যপুস্তকের মূল বিষয় কয়টি ও কি কি?
  - ২। খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে (শ্রেণি ভিত্তিক) পরিকল্পিত কাজ কয়টি ও কি কি?
  - ৩। অনুশীলনীতে কি ধরণের প্রশ্ন ব্যবহার করা হয়েছে
  - ৪। অধ্যায় ভিত্তিক কী শিখলাম কয়টি ও কি কি?
- প্রত্যেক দল থেকে একজন করে আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করতে বলবেন (০৬ মিনিট)

মুক্তালোচনা ঃ উপস্থাপনা ও আলোচনার শেষে প্রশিক্ষক পুনরায় সারসংক্ষেপ উপস্থাপন করবেন (০২ মিনিট)

প্রশিক্ষক ধন্যবাদ জানিয়ে অধিবেশন সমাপ্ত করবেন

তথ্যপত্র ঃ

১। পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য

- পাঠ্য পুস্তকের নাম পরিবর্তণ (খ্রিষ্টধর্ম থেকে খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা)
- অর্জন উপযোগী যোগ্যতা ভিত্তিক পুস্তক প্রণয়ন
- বিষয়বস্তু শিখন ফল ভিত্তিক
- পাঠ উপস্থাপনে সহজ সরল ভাষার ব্যবহার
- পরিকল্পিত কাজ ও বিষয় সংশ্লিষ্ট আকর্ষণীয় ছবি
- পাঠ্য পুস্তকটি চার রংঙ্গের
- মূল্যায়ণ পদ্ধতি সম্পর্কে স্পষ্ট ধারণা আছে (ধারাবাহিক ও সামষ্টিক)

২। পাঠ্যপুস্তকের কাঠামো

- অধ্যায়: ৩য় শ্রেণী: ১৭ টি, ৪র্থ শ্রেণী: ১৭ টি, ৫ম শ্রেণী: ১৬ টি
- ভূমিকা: প্রত্যেকটি অধ্যায়ের ১ম অনুচ্ছেদে উল্লেখিত ভূমিকা আলোচনা করা হয়েছে

৯ম দিন

অধিবেশন-৪

সময় : ৪০ মিনিট (১১:০০-১১:৪০)

বিষয় : ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণ পরিচিতি

(উপস্থাপন পদ্ধতি ও কৌশল: বক্তৃতা, প্রশ্নোত্তর, দলীয় কাজ এবং প্লেনারী)

অধিবেশনের উদ্দেশ্য **০৩ মিনিট**

- শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য সম্পর্কে পরিষ্কার ধারণা লাভ করবে
- শিক্ষক সংস্করণের কাঠামো সম্পর্কে যথাযথ জ্ঞান লাভ করবে

প্রশিক্ষণ সামগ্রী **০২ মিনিট**

- শিক্ষক সংস্করণ, পাঠ্য পুস্তক, মাল্টিমিডিয়া, চার্ট, পোষ্টার পেপার, মার্কার, চক, ডাষ্টার, হোয়াইট বোর্ড এবং হোয়াইট ফ্লিপ চার্ট ইত্যাদি প্রয়োজনীয় উপকরণ।

৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণ পরিচিতি **৩৫ মিনিট**

১। ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য পরিচিতি ঃ

কাজ ১ ২০ মিনিট

৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য সমূহ চিহ্নিত করণ:

- প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের সাথে কুশল বিনিময় করে কার্যক্রম শুরু করার পরিবেশ সৃষ্টি করবেন।
- একটি ধর্মীয় সঙ্গিত বা প্রার্থনার মাধ্যমে অধিবেশন শুরু করবেন
- প্রশিক্ষনার্থীদের শিক্ষক সংস্করণ সরবরাহ করবেন
- মাল্টিমিডিয়ার মাধ্যমে শিক্ষক সংস্কণের বৈশিষ্ট্য উপস্থাপন করবেন। (০৫ মিনিট)
- প্রশিক্ষণার্থীদের কয়েকটি জোড়ায় জোড়ায় ভাগ করে পোষ্টার পেপারে শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য সমূহ আলোচনার মাধ্যমে লিখতে বলুন। (দলীয় কাজের জন্য মোট সময় ০৫ মিনিট)
- উপস্থাপন: প্রতি জোড়া থেকে প্রশিক্ষণার্থীরা একজন করে উপস্থাপন করবেন (সময় ০৮ মিনিট)

মুক্তালোচনা ঃ উপস্থাপনা ও আলোচনার শেষে প্রশিক্ষক পুনরায় সারসংক্ষেপ উপস্থাপন করবেন (০২ মিনিট)

২। ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণের কাঠামো পরিচিতি ঃ

- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণের কাঠামো সমূহ চিহ্নিত করণ:

কাজ ২ ১৫ মিনিট

- মাল্টিমিডিয়ার মাধ্যমে খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিক্ষক সংস্করণের ধারণা স্পষ্ট করার জন্য কাঠামোটি উপস্থাপন করবেন। (০৫ মিনিট)
- উপস্থাপিত বিষয় সমূহ

ক্রমিক নং	অধ্যায়	অর্জন উপযোগি যোগ্যতা	অধ্যায়ের শিখনফল	পাঠ বিভাজন	পাঠের শিরোনাম	পাঠের শিখনফল	শিখন শেখানো কার্যাবলি	মূল্যায়ন	নিরাময়মূলক ব্যবস্থা	পরিকল্পিত কাজ
১	মানুষের দেহ মন ও আত্মা									
২	ঈশ্বর									
৩	ত্রিব্যক্তি পরমেশ্বর									
৪	কায়িন ও আবেল									

- প্রশিক্ষণার্থীদের ৩টি দলে ভাগ করে প্রতিটি দলকে একটি শ্রেণির নাম দিন এবং শিক্ষক সংস্করণ থেকে নিম্নোক্ত প্রশ্নোত্তরের মাধ্যমে শিক্ষক সংস্করণের কাঠামো আলোচনার মাধ্যমে চিহ্নিত করতে বলবেন। (০৫ মিনিট)
  - ১। শিক্ষক সংস্করণের মূল বিষয় কয়টি ও কি কি?
  - ২। খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে (শ্রেণি ভিত্তিক) পরিকল্পিত কাজ কয়টি ও কি কি?
  - ৩। অধ্যায় ভিত্তিক শিখনফল কয়টি ও কি কি?
  - ৪। অধ্যায় ভিত্তিক কিভাবে পাঠ বিভাজন করা হয়েছে?
- প্রত্যেক দল থেকে একজন করে আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করতে বলবেন (০৩ মিনিট)

মুক্তালোচনা ঃ উপস্থাপনা ও আলোচনার শেষে প্রশিক্ষক পুনরায় সারসংক্ষেপ উপস্থাপন করবেন (০২ মিনিট)

প্রশিক্ষক ধন্যবাদ জানিয়ে অধিবেশন সমাপ্ত করবেন

তথ্যপত্র ঃ

১। শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য

- প্রত্যেক অধ্যায়ের অর্জন উপযোগি যোগ্যতার উপর ভিত্তি করে শিখনফল নির্ধারণ ও সে অনুযায়ী পাঠ বিভাজন করা হয়েছে
- উপকরণ ব্যবহার সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনা দেওয়া আছে
- শিক্ষক কিভাবে পাঠ প্রদর্শণ করবেন সে সম্পর্কে শিখন শেখানো কার্যাবলি দেওয়া আছে
- পরিকল্পিত কাজের উল্লেখ আছে
- শিক্ষার্থী মূল্যায়নের সুস্পষ্ট নির্দেশনা দেওয়া আছে
- দুর্বল শিক্ষার্থীদের নিরাময়ের ব্যবস্থা আছে
- শিক্ষার্থীকে নৈতিক শিক্ষায় ও মূল্যবোধে উদ্বুদ্ধ করার জন্য বাস্তব নির্দেশনা দেওয়া আছে

২। শিক্ষক সংস্করণের কাঠামো

- অধ্যায়: ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণিতে মোট ১৭+১৭+১৬=৫০টি অধ্যায় দেওয়া আছে
- পাঠ বিভাজন: ৩য় শ্রেণি: ৫৯টি, ৪র্থ শ্রেণি: ৫৪টি এবং ৫ম শ্রেণি: ৬০টি

- সহায়ক প্রশ্নোত্তরের মাধ্যমে অর্জন উপযোগি যোগ্যতা নির্ণয় করতে সহায়তা করার ব্যবস্থা আছে
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণিতে কি কি শিখনফল অর্জন করবে তার নির্দেশ রয়েছে
- প্রত্যেকটি অধ্যায়ের শিখনফল অনুযায়ী পাঠ বিভাজন করা হয়েছে

৯ম দিন
অধিবেশন-৫
সময় : ৪০ মিনিট (১১:৪০-১২:২০)

বিষয় : ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির অনুশীলনী পাঠ

পাঠ-১

পাঠের শিরোনাম: কায়িন ও আবেলের পরিচয় ও বলিদান
পাঠ ১ পৃষ্ঠা ১৭-১৮ সৃষ্টির শুরুর ---- নিচু করে ছিল।

শিখনফল

- কায়িন ও আবেল দুই ভাইয়ের সম্পর্ক বর্ণনা করতে পারবে।
- আবেলের প্রতি কায়িনের হিংসার কারণ ব্যাখ্যা করতে পারবে।

উপকরণ: কায়িন ও আবেলের ছবি অথবা চার্ট, পাঠ্যপুস্তক, চক, ডাস্টার ইত্যাদি।

শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক নিম্নলিখিত প্রশ্ন উত্তরের মাধ্যমে পাঠের শিরোনাম আবিষ্কার করতে সহায়তা করবেন।

প্রশ্ন	উত্তর
১. আদম ও হবা কে ছিলেন?	প্রথম নারী ও পুরুষ
২. আদম ও হবার কয় সন্তান ছিল?	দুইজন
৩. তাদের নাম কী কী ছিল?	কায়িন ও আবেল

এবার শিক্ষক পাঠ ঘোষণা করবেন এবং পাঠের শিরোনাম বোর্ডে লিখে দেবেন। শিক্ষার্থীরা পাঠের শিরোনাম নিজ নিজ খাতায় লিখে নেবে। এরপর শিক্ষক কায়িন ও আবেলের ছবি অথবা চার্ট দেখে তাদের সম্পর্কে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেবেন। পরে শিক্ষক নিম্নলিখিত প্রশ্ন উত্তরের মাধ্যমে আজকের পাঠে অগ্রসর হবেন।

প্রশ্ন	উত্তর
১. আদম ও হবার বড় ছেলের নাম কী?	কায়িন
২. তাদের ছোট ছেলে কে ছিলেন?	আবেল
৩. কায়িনের পেশা কী ছিল?	জমি চাষ করা
৪. আবেলের পেশা কী ছিল?	পশু পালন
৫. কায়িনের মন কেমন ছিল?	কঠিন প্রকৃতির
৬. আবেলের মন কেমন ছিল?	কোমল প্রকৃতির

প্রশ্ন	উত্তর
৭. কায়িনের নৈবেদ্য কী ছিল?	জমির খানিকটা ফসল
৮. আবেলের নৈবেদ্য কী ছিল?	তার পালের সেরা মেষশাবক
৯. ঈশ্বর কার নৈবেদ্যে বেশী খুশি হলেন?	আবেলের
১০. কায়িনের মনের অবস্থা কেমন ছিল?	রাগে, দুঃখে ও হিংসায় কায়িনের মুখ ভারী ছিল
১১. আবেলের কাজ কেমন ছিল?	ভালো ছিল
১২. কায়িনের কাজ কেমন ছিল?	ভালো ছিল না

মূল্যায়ণ

শিক্ষার্থীরা পাঠটি যথাযথভাবে বুঝতে পেরেছে কিনা তা বুঝার জন্য নিম্নলিখিত প্রশ্নগুলো করবেন।

১। কায়িন ও আবেলের বলিদানের মধ্যে কার বলিদান গ্রহণযোগ্য ছিল?

২। কার মন কঠিন ছিল?

৩। কায়িনের পেশা কী ছিল?

নিরাময়মূলক ব্যবস্থা

১। পিছিয়ে পড়া শিক্ষার্থীদের আবার সহজ সরল ভাষায় শিক্ষক বুঝিয়ে দেবেন।

২। পারগ শিক্ষার্থীদের সহায়তায় পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবেন।

পরিকল্পিত কাজ

১। শিক্ষার্থীরা কায়িন ও আবেলের বলিদানের পার্থক্য নির্ণয় করবে।

৭ম দিন
অধিবেশন-৬
সময় : ১.৩০ মিনিট (৩.৩০-৫.০০)

মূল্যায়ন পদ্ধতি, কৌশল ও টুলস পরিচিতি
সময় ২৩ মিনিট

(উপস্থাপন পদ্ধতি ও কৌশল: বক্তৃতা, প্রশ্নোত্তর, দলীয় কাজ এবং প্লেনারী)

অধিবেশনের উদ্দেশ্য ০২ মিনিট

এই পাঠ শেষে প্রশিক্ষনার্থীগণ-

- মূল্যায়ণ গাইড/নির্দেশিকা সম্পর্কে পরিচিতি লাভ করবে
- মূল্যায়ণের কাঠামো যথা ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ণ সম্পর্কে বর্ণনা করতে পারবে
- দলগত কাজের মাধ্যমে বিষয়বস্তু সম্পর্কে নিজেরাই আলোচনা করতে সক্ষম হবে

প্রশিক্ষণ সামগ্রী ০১ মিনিট

- মূল্যায়ণ নির্দেশিকা/গাইড বই, মাল্টিমিডিয়া, চার্ট, পোষ্টার পেপার, মার্কার, চক, ডাষ্টার, হোয়াইট বোর্ড, হোয়াইট ফ্লিপ চার্ট ইত্যাদি

কার্যক্রম **১২ মিনিট**

সহায়ক উপযুক্ত পরিবেশ তৈরীর মাধ্যমে কার্যক্রম শুরু করবেন

- প্রশ্নোত্তরের মাধ্যমে মূল্যায়ণ নির্দেশিকা/গাইড সম্পর্কে আলোচনা করবেন
- মূল্যায়ণ সম্পর্কে সাধারণ নির্দেশনা বিষয়ে প্রশিক্ষণার্থীদের মাঝে পোষ্টার পেপার বা মাল্টিমিডিয়ার সাহায্যে প্রদর্শন পূর্বক আলোচনা করবেন
- ১ম থেকে ৫ম শ্রেণির নম্বর বিভাজন (৫ম শ্রেণির সমাপনী পরিক্ষার নম্বর বন্টন সহ) প্রদর্শন করে আলোচনা করবেন
- মূল্যায়ন কাঠামো আলোচনায় - ধারাবাহিক মূল্যায়ণের ক্ষেত্র সমূহ, বিবেচ্য বিষয়, মূল্যায়ণ পদ্ধতি, মূল্যায়ণ টুলস নমুনা প্রশ্ন সহ উদাহরণের মাধ্যমে পর্যায়ক্রমে আলোচনা করবেন
- ধারাবাহিক মূল্যাণের ফলাফল কিভাবে সংগ্রহ করা যায় তা একটি নমুনা ছক প্রদর্শন পূর্বক আলোচনা করবেন
- প্রশিক্ষণার্থীদের সুবিধার জন্য প্রয়োজনে হ্যাণ্ড নোট সংগ্রহ করবেন
- সামষ্টিক মূল্যায়ণ কাঠামোর আলোচনার নিমিত্তে মূল্যায়ণের ক্ষেত্র সমূহ, মূল্যায়ণের বিবেচ্য বিষয়, মূল্যায়ণের পদ্ধতি, মূল্যায়ণ টুলস নমুনা প্রশ্ন সহ মূল্যায়ণ পদ অনুযায়ী নম্বর বন্টন কি হবে ইত্যাদি আলোচনা করবেন

৩। দলগত কাজ ০৮ মিনিট

- প্রশিক্ষণার্থীদের ৪/৫টি দলে ভাগ করুন।
- প্রত্যেকটি দলে মূল্যায়ণ পদ্ধতি টুলস সমূহ সরবরাহ করুন।
- সামষ্টিক মূল্যায়ণের জন্য একেকটি দলকে একেক শ্রেণির নমুনা প্রশ্ন তৈরী করতে বলুন।
- দলের সবাই সক্রিয় ভাবে অংশগ্রহণ করেছে কিনা তা যাচাই করুন।
- প্রশ্নের মাধ্যমে কাজের অগ্রগতি যাচাই করুন, প্রয়োজনে মুক্ত আলোচনার ব্যবস্থা করুন।

মূল্যায়ণ

প্রশিক্ষক উপরোক্ত কার্যক্রমের ভিত্তিতে প্রশিক্ষনার্থীদের মূল্যায়ণ করবেন।

সারসংক্ষেপ

- এই অধিবেশনে প্রশিক্ষনার্থীদের কোন বিষয় সম্পর্কে ঘাটতি থাকলে প্রশিক্ষক পুনরায় আলোচনা করে পরিষ্কার ধারণা দিবেন।

প্রশিক্ষক ধন্যবাদ জানিয়ে অধিবেশন সমাপ্ত করবেন

বিশেষ দ্রষ্টব্য ঃ সহায়ক আলোচনাকে প্রানবন্ত করতে প্রয়োজনে জড়তা মোচনের ব্যবস্থা করবেন